

# 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৮৯

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯) প্রথম কাতারে নামায পড়ার প্রতি উদ্বুদ্ধ করন এবং কাতার সোজা করা ও কাতারের ডান দিকের ফ্যীলতের বর্ণনা

الترغيب في الصف الأول وما جاء في تسوية الصفوف والتراص فيها وفضل ميامنها

### আরবী

(صحيح) وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ أَيضا رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: خَيْرُ صنُفُوفِ الرِّجَالِ أَوَّلُهَا، وَشَرُّهَا آخِرُهَا، وَخَيْرُ صنُفُوفِ النِّسَاءِ آخِرُهَا، وَشَرُّهَا أَوَّلُهَا. (رواه مسلم وأبو داود والترمذي والنسائي وابن ماجه)

#### বাংলা

৪৮৯. (সহীহ) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "পুরুষের জন্য শ্রেষ্ঠ কাতার হচ্ছে প্রথম কাতার আর নিকৃষ্ট কাতার[1] হচ্ছে শেষের কাতার। আর নারীদের জন্য উত্তম কাতার হচ্ছে শেষের কাতার, আর নিকৃষ্ট কাতার হচ্ছে প্রথম কাতার।"

(হাদীছটি বর্ণনা করেছেন মুসলিম ৪৪০, আবু দাউদ ৬৮৭, তিরমিযী ২২৪, ইবনে মাজাহ ১০০০)

এই হাদীছটি আরো বর্ণিত হয়েছে ইবনে আব্বাস, ওমার বিন খান্তাব, আনাস বিন মালেক, আবু উমামা, আবু সাঈদ, জাবের বিন আবদুল্লাহ (রাঃ) প্রমুখ সাহাবায়ে কেরাম থেকে।

# ফুটনোট

[1] . ইমাম নববী (রহঃ) বলেন, নিকৃষ্ট কাতার বলতে উদ্দেশ্য হচ্ছে, ছোয়াব ও মর্যাদার দিক থেকে কম এবং শরীয়তের লক্ষ্য-উদ্দেশ্য থেকে দূরে। (দ্রঃ শরহে সহীহ্ মুসলিম ৬৬৪ নং হাদীছের ব্যাখ্যা)- অনুবাদক

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন